# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৬৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫২. পেশাব থেকে মাটি পবিত্র করার নিয়ম

بَابٌ فِي طَهَارَةِ الْأَرْضِ مِنَ الْبَوْلِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مُبَشِّرٍ ، نَا عَبْدُ الْحَمِيدِ بْنُ بَيَانٍ ، نَا هُشَيْمٌ ، عَنْ حُمَيْدٍ وَعَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ : أَنَّ نَاسًا مِنْ عُرَيْنَةَ قَدِمُوا عَلَى رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ الْمَدِينَةَ ، فَاجْتَوَوْهَا ، فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " إِنْ شِئْتُمْ خَرَجْتُمْ إِلَى إِبِلِ الصَّدَقَةِ ، فَشَرِبْتُمْ مِنْ أَلْبَانِهَا وَأَبْوَالِهَا " . فَفَعَلُوا ذَلِكَ وَصَحُّوا ، فَأَقْبَلُوا عَلَى الرُّعَاةِ ، فَقَتَلُوهُمْ ، وَاسْتَاقُوا ذَوْدَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَارْتَدُّوا ، عَنِ الْإِسْلَامِ ، فَبَعَثَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فِي آثَارِهِمْ ، فَأُتِيَ بِهِمْ ، فَقَطَعَ أَيْدِيَهُمْ وَأَرْجُلَهُمْ ، وَسَمَلَ أَعْيُنَهُمْ ، وَتُرِكُوا بِالْحَرَّةِ حَتَّى مَاتُوا

বাংলা

৪৬৮(১). আলী ইবনে আবদুল্লাহ ইবনে মুবাশশির (রহঃ) ... আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। উরায়না গোত্রের লোকেরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আগমন করলো। এখানকার আবহাওয়া তাদের অনুকূল হলো না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের বললেনঃ তোমরা ইচ্ছা করলে সদাকার (যাকাতের) উটের পালে গিয়ে সেগুলোর দুধ ও পেশাব পান করতে পারো। অতএব তারা তা করলো এবং সুস্থ হয়ে গেল। তারা রাখালদের নিকট এসে তাদের হত্যা করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উটগুলো লুণ্ঠন করে নিয়ে গেল এবং ইসলাম ত্যাগ করলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের পশ্চাদ্ধাবন করতে লোক পাঠালেন এবং তারা তাদেরকে গ্রেপ্তার করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে নিয়ে এলো। তিনি তাদের হস্ত-পদ কর্তন করে এবং তাদের চোখ উৎপাটন করে রোদের মধ্যে কাঁকরময় জমিনে ফেলে রাখলেন। শেষে তারা মারা গেলো। (বুখারী ও মুসলিম)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80257

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন